

🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمُٰن

আয়াতঃ ৫৫:8

💵 আরবি মূল আয়াত:



তিনি তাকে শিখিয়েছেন ভাষা। — আল-বায়ান

তিনিই শিখিয়েছেন মনের কথা প্রকাশ করতে, — তাইসিরুল

তিনিই তাকে শিখিয়েছেন ভাব প্রকাশ করতে। — মুজিবুর রহমান

[And] taught him eloquence. — Sahih International

৪. তিনিই তাকে শিখিয়েছেন ভাষা(১),

(১) মূল আয়াতে البيان শব্দ ব্যবহৃত হয়েছে। এর একটি অর্থ হচ্ছে মনের ভাব প্রকাশ করা। অর্থাৎ কোন কিছু বলা এবং নিজের উদেশ্য ও অভিপ্রায় ব্যক্ত করা। দ্বিতীয় অর্থ হচ্ছে পার্থক্য ও বৈশিষ্ট্য স্পষ্ট করে তোলা। বাকশক্তি এমন একটি বিশিষ্ট গুণ যা মানুষকে জীবজন্ত ও পৃথিবীর অন্যান্য সৃষ্টিকুল থেকে পৃথক করে দেয়। [কুরতুবী; ফাতহুল কাদীর] বিভিন্ন ভূখণ্ড ও বিভিন্ন জাতির বিভিন্ন বাকপদ্ধতি সবাই এই বর্ণনা শিক্ষার বিভিন্ন অঙ্গ এবং এটা কার্যত (وَعَلَّمُ آذَمُ الْأَسْمَاءَ كُلُّهَا) [সূরা আল-বাকারাহ: ৩১] আয়াতের তফসীরও।

তাফসীরে জাকারিয়া

(8) তিনিই তাকে শিখিয়েছেন ভাব প্রকাশ করতে। [1]

[1] এখানে 'ভাব প্রকাশ' বলতে প্রত্যেক ব্যক্তির মাতৃভাষাকে বুঝানো হয়েছে, যা বিশেষ শিক্ষা গ্রহণ ছাড়াই প্রত্যেক ব্যক্তি নিজে নিজেই বলতে পারে এবং এতে নিজের মনের ভাবকে প্রকাশ করতে পারে। এমন কি যে শিশুর কোন জ্ঞান ও বোধশক্তি থাকে না, সেও বলতে পারে। এটা আল্লাহর এই শিক্ষার ফল, যার উল্লেখ এই আয়াতে হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4905

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন